

- আমি সে সাধনা করি নাই, তোমায় কভু ভাবি নাই,  
কেমনে পা'ব শ্রীচরণ ॥
- ৩। বাবা কোথা থেকে ভালবেসে, তুমি পালিতেছ  
এ দীন দাসে গো---  
তা'তে নাহি জুড়াও হে প্রাণসখা,  
একবার এসে দিয়ে দেখা, প্রাণ জুড়াও হে প্রাণসখা,  
অধীনের এই অকিঞ্চন ॥
- ৪। ডেকে বলে নব ঠাকুর, কুমুদ মনের সন্দ কর দূর গো—  
যা বলে শোন্ শ্রীগোপালচাঁদ ।  
আমার দয়াল বাবা গুরুচাঁদ, রূপে এল প্রমথচাঁদ,  
ভুলিস্না যদি যায় জীবন ॥  
—কুমুদরঞ্জন



৬৭ নং

তাল—গড়খেম্টা

- তাঁরে বাবা বলে সাজ্গে ছেলে ওরে অবোধ মন ।  
তোর ভাবনা চিন্তা থাকবে না আর, দেখবি আনন্দময়  
ত্রিভুবন ॥
- ১। সাধ করে তুই কেন হলি ব্যস্ত, ধুলা মাটির ঘর বেঞ্চে মন  
সাজ্জলি গৃহস্থ;  
তা'তে বোঝা বাড়লো প্রশ্ন, প্রশ্ন, এ বোঝা টানবে  
কে তোর বল এখন ॥
- ২। ছেলে সাজা নয়'ত সহজ কাজ, ছেলে সাজতে গেলে  
সকল ফেলে, পরতে হয় সে সাজ;